

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬

আগরতলা, ১০ এপ্রিল, ২০১৯

নির্ভয়ে ভোট দিতে ভোটারদের
প্রতি ডিজির আহ্বান

১-পশ্চিম ত্রিপুরা সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের জন্য আগামীকাল ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এই সংসদীয় ক্ষেত্রের সমস্ত ভোটাররা যাতে নির্ভয়ে ও নির্বিঘ্নে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন তারজন্য রাজ্য পুলিশের পক্ষ থেকে যাবতীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। আজ সকালে রাজ্য পুলিশের সদর দপ্তরে আয়োজিত সাংবাদিক সম্মেলনে রাজ্য পুলিশের মহানির্দেশক এ কে শুল্লা এই তথ্য জানিয়ে ভোটাররা যেন ভোটগ্রহণ কেন্দ্রে নির্ভয়ে গিয়ে তাদের ভোটাধিকার প্রয়োগ করেন তার আহ্বান জানান। ডি জি শ্রী শুল্লা জানান, এই সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ১২৫টি স্পর্শকাতর এলাকায় সি আর পি এফ ও রাজ্য পুলিশ মোতায়েন থাকবে। পাশাপাশি থাকবে ১৬৬টি পুলিশ মোবাইলের ব্যবস্থা। থাকবে ১৪২টি ড্রপগেইট, যাতে করে এক এলাকার লোক অন্য এলাকায় যাতায়াত না করতে পারেন। তাছাড়া ১৯৮ জন পুলিশ সেক্টর অফিসার সিভিল সেক্টর অফিসারের সাথে থাকবেন। এছাড়াও প্রতিটি থানা ও জেলা পুলিশ সদরে থাকবে প্রয়োজনীয় নিরাপত্তা কর্মী। তিনি বলেন, কেউ যদি আইন নিজের হাতে তুলে নেয় তা শক্ত হাতে মোকাবিলা করা হবে। তিনি ভোটারদের প্রতি কোনও গুজবে কান না দেওয়ার জন্য আহ্বান জানান। প্রয়োজনে পুলিশকে খবর দেওয়ার জন্য ১০০ নম্বর অথবা ১৫১০ টোল ফ্রি নম্বরে ডায়াল করার পরামর্শ দেন। এছাড়াও রাজ্য পুলিশের ২৩১-০১৭৭ অথবা ৯৪৩৬৫৪৪০৯ এই নম্বরে যোগাযোগ করা যেতে পারে বলেও তিনি জানান।
